



## দেশের পথে হিথ্রো বিমানবন্দরে সপরিবারে তারেক রহমান



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে ফেরার উদ্দেশ্যে লন্ডনের হিথ্রো বিমানবন্দরে পৌঁছেছেন। তার সঙ্গে সফর সঙ্গী হিসেবে রয়েছেন স্ত্রী ডা. জুবাইদা রহমান ও কন্যা জাইমা রহমান। দলের ঘনিষ্ঠ সহযাত্রী এবং ইউরোপের বিভিন্ন দেশ থেকে আগত নেতৃবৃন্দও একই ফ্লাইটে যাত্রা করছেন। আজ বুধবার রাত আটটার দিকে তিনি লন্ডনের নিজ বাসা থেকে বিমানবন্দরের উদ্দেশে রওনা দেন। তার আগেই বিমানবন্দরে পৌঁছান তার সফরসঙ্গীদের একটি অংশ। সূত্র জানায়, তারেক রহমানের সঙ্গে এই সফরে রয়েছেন স্ত্রী ডা. জুবাইদা রহমান ও কন্যা জাইমা রহমান। এছাড়া তার ব্যক্তিগত সচিব আব্দুর রহমান সানি, দলের প্রেস উইংয়ের নেতা সালাহ শিবলী এবং জিয়াউর রহমান ফাউন্ডেশনের কর্মকর্তা কামাল উদ্দীনও এই ফ্লাইটে যাত্রা করছেন।

প্রয়াত আরাফাত রহমান কোকোর দুই কন্যা—জাফিয়া রহমান ও জাহিয়া রহমান—চার সঙ্গে একই বিমানে থাকছেন কি না, তা নিশ্চিত হওয়া যায়নি। তবে জানা গেছে, যুক্তরাজ্য ছাড়াও আয়ারল্যান্ড, ফিনল্যান্ড, ইতালি ও ইউরোপের বিভিন্ন দেশ থেকে বিএনপির নেতা ও নেতা-মণ্ডলীর কিছু অংশ ইকোনমি ক্লাসের টিকিট কেটে একই ফ্লাইটে যাচ্ছেন। তারেক রহমানের পরিবারের গৃহকর্মীরাও সফরসঙ্গী হিসেবে উপস্থিত থাকবেন।